গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।
www.rangpursadar.rangpur.gov.bd



স্মারক নং : ০৫.৫৫.৮৫৪৯.০০৩.০৬.০০৯.২২- ৩৭২

তারিখ : ২১ মে, ২০২২ খ্রি.

নোটিশ

আগামী ২৬/০৫/২০২২ তারিখ বেলা ১০.৩০ টার নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে মে/২০২২ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩। সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ক পর্যালোচনা।
৪। বিবিধ।

২১/০৫/২০২২

মোছাঃ নূর নাহার বেগম
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নং- ০৫২১-৬৬১১৬
E-mail: unorangpur@mopa.gov.bd

প্রাপকঃ- ........................................
........................................
রংপুর সদর, রংপুর।

অনুলিপি সদয় অবগতির্থে:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২২, রংপুর-৩।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। পুলিশ সুপার, রংপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।

২৬ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোছা: নুর নাহার বেগম
উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
রংপুর সদর, রংপুর

সভার তারিখ ও সময় : ২৬/০৫/২০২২ খ্রি. , সময়- সকাল - ১০.৩০ টায়

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম, রংপুর সদর, রংপুর।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিষ্ট "ক"

সভাপতি সকলকে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগষ্ট শাহাদাত বরণকারী সকল শহীদ সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা, ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। সেইসাথে তিনি ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতার জন্য রক্তদানকারী শহীদ মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধাসহ দুই লক্ষ শহীদ মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জানান ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন।

সভাপতি জানান পবিত্র ঈদ-উল ফিতর/২০২২ যথাযথ মর্যাদায় উদ্‌যাপিত হয়েছে। ঈদ-উল ফিতর পরবর্তী ছুটিকালীন সময়ে রংপুর সদর উপজেলায় কোন অপ্রিতিকর ঘটনা ঘটেনি। এবিষয়ে সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনী, জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগন সতর্ক থাকায় ও সহযোগিতা করায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অতঃপর গত ২৫/০৪/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। সভাপতি উপস্থিত সকলকে রংপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>সভাপতি রংপুর সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির গত ২৫/০৪/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন বা বিয়োজন আছে কিনা উপস্থিত সদস্যগণের নিকট জানতে চান। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | **এপ্রিল/২০২২ মাসের অপরাধ চিত্রের পর্যালোচনা:** রংপুর সদর উপজেলার অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় এপ্রিল/২০২২ মাসে ধর্ষণ -০১টি , নারী নির্যাতন-০২টি, গবাদি পশু চুরি--০৩টি, গাড়িচুরি- ০০টি, অন্যান্য চুরি-০১টি, তার চুড়ি- ০১ টি, জখম মামলা- ০০টি, সড়ক দুর্ঘটনা- ০০টি, মাদকদ্রব্য মামলা (উদ্ধারজনিত মামলা)- ০০টি, এবং অন্যান্যভাবে মামলা- ০৯টি।<br><br>প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় গতমাসের তুলনায় জখম, ধর্ষন, গবাদি পশু চুরি ও অন্যান্যভাবে মামলার সংখ্যা অপরিবর্তিত রয়েছে। অপরদিকে মাদকদ্রব্য মামলা (উদ্ধারজনিত মামলা) অন্যান্য চুরি হ্রাস পেলেও নারী নির্যাতন, গবাদি পশু চুরির মামলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে।<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ রংপুর সদর, রংপুর সভায় জানান, রংপুর সদর উপজেলায় এপ্রিল/২২ মাসে গরু চুরির ঘটনা নজরে আসেনি। আইন-শৃঙ্খলার বিষয়টি প্রশংশিত । তবে সদ্যপুষ্করনী ইউনিয়নের গুরুত্বপূর্ণ পয়েন্টে | (ক) সংঘটিত অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>(খ) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>(গ) নারী ও শিশু নির্যাতন (ধর্ষণসহ) এবং অন্যান্য অপরাধ যাতে বৃদ্ধি না পায় সেজন্য সংশ্লিষ্ট সকলকে তৎপরতা অব্যাহত রাখতে হবে এবং ইউনিয়ন ও ওয়ার্ড সভায় বিষয়গুলো আলোচনার মাধ্যমে | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর<br>৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| | স্ট্রীট লাইট, কোন কোন স্থানে স্ট্যান্ডসহ চুরি হয়েছে। এমনকি কবরস্থানেও এ লাইট চুরি হয়েছে। সভাপতি এ বিষয়ে স্থানীয় জনগনকে সচেতন হবার পাশাপাশি আইন-শৃঙ্খলা বাহিনীর টহল বৃদ্ধি করার বিষয়ে দৃষ্টি আকর্ষন করেন।<br><br>অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর জেলা, স্ট্রীট লাইট চুরির বিষয়ে ভাইস চেয়ারম্যান, রংপুর সদর এর বক্তব্যের বরাত দিয়ে জানান সাধারনত নেশাগ্রস্ত ব্যক্তিগণ এ ধরনের ছিঁচকে চুরির সাথে জড়িত । এ ধরনের চুরি, নারী নির্যাতন, বাল্যবিবাহসহ সবধরনের সমস্যার সমাধান করা সম্ভব যদি মানবিক ও আন্তরিকভাবে সকলে সহযোগিতা করেন। সংশ্লিষ্ট চেয়ারম্যানগন কর্তৃক ইউনিয়ন পরিষদ সভা ও ওয়ার্ড সভায় বিষয়গুলো আলোচনার মাধ্যমে সচেতনতা বাড়ানো যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। তিনি আরও বলেন, রংপুর সদর উপজেলায় যে কোন ইউনিয়নে কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষনিকভাবে থানায় অবহিত করলে তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন । | সচেতনতা সৃষ্টি করতে হবে এবং ইউনিয়ন ও ওয়ার্ড সভায় বিষয়গুলো আলোচনার মাধ্যমে সচেতনতা সৃষ্টি করতে হবে। | |
| ৩ | **<u>মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে আলোচনা:</u>**<br>মাদক দ্রব্যের অপব্যবহার রোধকল্পে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন যে, মাদক দ্রব্যের অপব্যবহার রোধকল্পে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক পড়ার উৎসাহ প্রদানের পাশাপাশি শিক্ষার্থীদের মাঝে মাদকদ্রব্যের কুফল সম্পর্কে সচেতন করার জন্য অনুরোধ জানান। এছাড়া বর্তমানে যেহেতু শ্রেণীকক্ষে পাঠদান শুরু হয়েছে। এমতাবস্থায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বাল্যবিবাহ, মাদক ইত্যাদি প্রতিরোধে অভিভাবক সমাবেশ আয়োজন করে সচেতনতা সৃষ্টি করা যেতে পারে। | (ক) মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক পড়ার উৎসাহ প্রদানের পাশাপাশি মাদকদ্রব্যের কুফল সম্পর্কে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) শিক্ষা প্রতিষ্ঠান-গুলো মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রশাসন রংপুর সদর, রংপুর।<br><br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br><br>৩। পরিদর্শক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস 'ক' সার্কেল, রংপুর। |
| ৪ | **<u>জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের কুফল সম্পর্কে অবহিতকরণ বিষয়ে আলোচনা:</u>**<br>সভাপতি জানান যে, গত মাসে রংপুর সদর উপজেলায় সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতামূলক কোন ঘটনা ঘটেনি। সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে থানা কর্তৃপক্ষসহ মসজিদের ইমাম, সচেতন জনগণসহ গ্রাম পুলিশদেরকে সর্বাত্মক সতর্ক থাকার জন্য অনুরোধ জানান।<br><br>কোন স্বার্থান্বেষী মহল যেন ধর্মীয় উস্কানী ও মিথ্যা গুজব রটনা করে সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টি না করতে পারে এবং মসজিদগুলোতে মুসল্লিগণ যাতে মাস্ক পড়ে প্রবেশ করে তা | (ক) জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ এবং নাশকতা-মূলক ঘটনা প্রতিরোধকল্পে থানা কর্তৃপক্ষসহ গ্রাম পুলিশদেরকে সর্বাত্মক সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br><br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br><br>৩। ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | এবং খাদ্যদ্রব্যে ফরমালিনের ব্যবহার বিষয়ে অনেক অভিযোগ পাওয়া যায়। ফরমালিনের ব্যবহার না করার লক্ষ্যে সংশ্লিষ্ট কতৃপক্ষকে সচেতনতা সৃষ্টির পাশাপাশি প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | মানসম্মত খাবার পরিবেশনে সচেতনতা সৃষ্টিসহ প্রয়োজনে মোবাইল কোর্টের অভিযান প্রয়োগসিদ্ধভাবে অব্যাহত রাখতে হবে। | ২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর। |
| ৯ | **বিবিধ:**<br>সভাপতি বর্তমান পরিস্থিতিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় জানান চন্দনপাট ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের ঝাড়পাড়া গ্রামে মাদক অনেক বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে তিনি আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট চেয়ারম্যানগনের দৃষ্টি আকর্ষন করেন।<br><br>সভাপতি, যেসকল শিক্ষা প্রতিষ্ঠানের সামনের অবৈধভাবে দোকানঘর তৈরী হয়েছে সেগুলোর তালিকা প্রস্তুতপূর্বক অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরকে পরামর্শ প্রদান করেন।<br><br>সভাপতি উপজেলায় অপরাধ সংগঠনের পূর্বে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ, মাদকের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি, বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন রোধে সমাজের বিভিন্ন স্তরে জনসচেতনতা সৃষ্টির বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, আনসার সদস্য, জনপ্রতিনিধি ও সচেতন নাগরিকবৃন্দকে যার যার অবস্থান ও কর্তব্য অনুযায়ী আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | (ক) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারীবাহিনী, জনপ্রতিনিধি ও সচেতন নাগরিক যার যার অবস্থান ও কর্তব্য অনুযায়ী আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>(খ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সামনের অবৈধভাবে দোকানঘর তৈরী হয়েছে সেগুলোর তালিকা প্রস্তুতপূর্বক অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর।<br><br>২। সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর, রংপুর ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর।<br><br>৩। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br><br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br><br>৫। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br><br>৬। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছা: নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রংপুর সদর, রংপুর।